# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/শেরপুর-৩২/১১৮ | তারিখ: ০৮ আশ্বিন ১৪৩২ / ২৩ সেপ্টেম্বর ২০২৫

বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : বোর্ডের ই-ফাইলে নং ২৩৩২৫১১৩৮-২০১ আইডির আবেদন;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলাধীন সূর্যনগর গাগলাজানি দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি জাল-জালিয়াতির মাধ্যমে গঠন করা হয়েছে মর্মে জনাব মোঃ জহুরুল ইসলাম কর্তৃক অভিযোগ দাখিল করা হয়েছে।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, ম্যানেজিং কমিটি নির্বাচনে নিয়োগপ্রাপ্ত প্রিজাইডিং অফিসারকে(প্রযোজ্য ক্ষেত্রে) তদন্ত কর্মকর্তা হিসাবে অন্তর্ভূক্ত না করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (০২) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৪.৯.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

২৩.০৯.২৫

উপজেলা নির্বাহী অফিসার
নালিতাবাড়ী, শেরপুর।

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/শেরপুর-৩২/১১৮ | তারিখ: ০৮ আশ্বিন ১৪৩২ / ২৩ সেপ্টেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, শেরপুর;
২. জেলা শিক্ষা অফিসার, শেরপুর;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নালিতাবাড়ী, শেরপুর;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, গাগলাজানি দাখিল মাদ্রাসা, পো: পাঁচগাঁও, নালিতাবাড়ী, শেরপুর;
৫. জনাব মোঃ জহুরুল ইসলাম (অভিযোগকারী), গ্রাম-সূর্য্য নগর, পো: পাঁচগাঁও, নালিতাবাড়ী, শেরপুর;
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

২৩.০৯.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

২৮.০৯.২৫

বরাবর

রেজিষ্ট্রার,

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড

ঢাকা।

বিষয় ঃশেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলাধীন সূর্য্যনগর গাগলাজানি দাখিল মাদ্রাসার অবৈধ ভারপ্রাপ্ত সুপার আনছার আলী কর্তৃক অবৈধ ভাবে জাল জালিয়াতির মাধ্যমে ভোটার তালিকা সৃজন করিয়া অতি গোপনে বর্ণিত মাদরাসার কমিটি গঠন করার কাজে লিপ্ত থাকায় এবং বিভিন্ন অর্থ আত্মসাত করায় বর্ণিত প্রতিষ্ঠানের কমিটি সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত করতঃ সরে জমিনে তদন্ত পূর্বক তাহার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

মহোদয়

যথা বিহীত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলাধীন সূর্য্যনগর গাগলাজানি দাখিল মাদ্রাসা EIIN No- 113820 প্রতিষ্ঠা লগ্নহতে এলাকায় সুনামের সহিত পরিচালিত হয়ে আসছে। বর্তমানে কর্মরত অবৈধ ভারপ্রাপ্ত সুপার জনাব মোঃ আনছার আলী ইনডেক্স নং- D-336831 আওয়ামী লীগের একজন সক্রিয় সদস্য। তিনি সবার অজান্তে মনগড়া ভাবে অত্র মাদ্রাসায় এডহক কমিটি গঠন করায় এলাকায় মারাত্মক ক্ষোভের সৃষ্টি হয়েছে এবং বর্ণিত প্রতিষ্ঠানে তাহার স্ত্রীর আপন ভাতিজা কে এডহক কমিটির সভাপতি এবং তাহার আপন শ্যালক কে এডহক কমিটির সদস্য বানিয়ে এলাকায় সাধারণ জনমনে আতঙ্ক বিরাজ করছে। একই কলা কৌশল অবলম্বন করিয়া এলাকার সাধারণ অভিভাবকদের কে কোন প্রকার অবহিত না করে তাহার অসৎ উদ্দেশ্য হাসিল করার অভিপ্রায়ে বর্ণিত প্রতিষ্ঠানের অর্থ আত্মসাত সহ জাল জালিয়াতির মাধ্যমে ভোটার তালিকা সৃজন করিয়া এডহক কমিটি সঠিক সময় না থাকা স্বত্বেও উপজেলা নির্বাহী অফিসের কর্মচারীদের সহিত অশুভ যোগ সাজশ করিয়া বিগত ১৫/০৭/২০২৫ ইং তারিখের প্রিজাইডিং নিয়োগ নিয়া উক্ত প্রিজাইডিং অফিসারের যোগসাজশক্রমে উক্ত দিবসেই পুনরায় কমিটির কার্যক্রমে লিপ্ত থাকায় তাহার কর্তৃক প্রেরিত কমিটির সকল কার্যক্রম বাতিল সহ তার দূর্নীতির তথ্য মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে উপস্থাপন করছি ঃ-

১। জনাব মোঃ আনছার আলী তার শ্বশুড় সুপার থাকাবস্থায় অত্র মাদ্রাসায় সহকারী মৌলভী পদে যোগদান করে এম.পি.ও ভুক্ত হন। পরবর্তীতে সহঃ সুপার পদে পদায়ন না হওয়া স্বত্বেও বিধি বহির্ভূত ভাবে দূর্নীতি ও টাকার বিনিময়ে এম,পি,ও সংশোধনের মাধ্যমে সুপার হিসাবে নিজেকে প্রকাশ করেন। ইতি পূর্বে কর্তৃপক্ষ বরাবরে তার সুপার নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য যাচাই করণের আবেদন করা হলেও অদৃশ্য কারণে এবং দলীয় প্রভাব বিস্তারের ফলে তার বিরুদ্ধে কোন প্রকার ব্যবস্থা গৃহীত না হওয়ায় তিনি মর্জি মাফিক প্রতিষ্ঠান পরিচালনা করেন।

২। এলাকাবাসী ও অভিভাবকদের সম্পূর্ণ অজান্তে গোপনে মাদ্রাসা সংলগ্ন তার শ্বশুড় বাড়ীর আত্মীয় স্বজন যারা রাজনৈতিক ভাবে সরাসরি আওয়ামী কর্মকান্ডের সাথে সম্পৃক্ত তাদের মাধ্যমে উক্ত কমিটি গঠনের পর হতে তার কীর্তি কলাপ ও আচরণ মাদরাসা পরিপন্থি হওয়ায় জনমনে ক্ষোভের সৃষ্টি হয়েছে এমতাবস্থায় যে কোন মুহূর্তে অশান্তি সৃষ্টির সম্ভাবনা বিদ্যমান।

৩। জনাব মোঃ আনছার আলী মাদরাসার সংরক্ষিত ও সাধারন তহবিলের অর্থ উত্তোলন পূর্বক আত্মসাৎ করায় বিগত ২০14 ইং সালে সাময়িক ভাবে বরখাস্ত হওয়ার পর উক্ত টাকা জমা প্রদান করেন। তাছাড়াও বিভিন্ন দূর্নীতি মূলক কর্মকান্ডের সাথে জড়িত। ইতি পূর্বেও তিনি ভারপ্রাপ্ত সুপার দায়িত্ব পালনকালীন উপরোক্ত দূর্নীতির কারণে সাময়িক বরখাস্ত হয়েছেন।

৪। বিগত সরকারের শাসন আমলে তিনি নিজে এবং বর্তমান এডহক কমিটির সদস্য গনের সক্রিয় রাজনীতি ও প্রভাবের ফলে মাদ্রাসার শিক্ষক/কর্মচারীসহ এলাকাবাসী তার অপকর্ম ও দূর্নীতির বিরুদ্ধে কোন প্রকার শব্দ করার সাহস পায় নাই।

৫। জনাব আনছার আলী মহামান্য হাইকোর্টে ৯৭৬৭/২০১৯ নং রীট মোকদ্দমা চলমান থাকা সত্বেও বর্ণিত মাদ্রাসা অবৈধ ভাবে ভারপ্রাপ্ত সুপার দায়িত্ব পেশী শক্তির মাধ্যমে পরিচালনা করিয়া আসিতেছে।

৬। জনাব আনছার আলী বর্নিত প্রতিষ্ঠানে বর্তমান কমিটি গঠন কল্পে জালিয়াতির মাধ্যমে ভোটার তালিকা সৃজন করিয়া প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীসহ এলাকার কোন অভিভাবককে অবহিত না করিয়া তাহার স্বার্থ হাসিল করার লক্ষে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অসৎ কর্মচারীর সহিত অশুভ যোগ সাজশ করিয়া বিগত ১৫/০৭/২০২৫ ইং তারিখে ৪৫৮ নং স্মারক মূলে প্রিজাইডিং অফিসার নিয়োগ দেখাইয়া উক্ত দিবসেই প্রিজাইডিং অফিসার কর্তৃক নির্বাচনী তফসিল ঘোষনা করে। যাহা সম্পূর্ন বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা বিধি বহির্ভূত।

অঃ পৃঃ দ্রঃ

৭। জনাব আনছার আলী বর্নিত মাদরাসায় সহকারী মৌলভী পদে যোগদান করার পর পরবর্তী সময়ে জালিয়াতির মাধ্যমে সহকারী সুপার পদটি হাসিল করেন এবং উক্ত পদটি হাসিল করিয়া ক্ষান্ত না হইয়া পরবর্তীতে তাহার এমপিওতে সুপার পদটি এমপিও ভুক্ত করতে সক্ষম হইয়া বর্নিত প্রতিষ্ঠানে সহকারী সুপার পদে বেতন ভাতা উত্তোলন করে। উক্ত বিষয়ে বিভিন্ন দপ্তরে অভিযোগ আনয়ন করার পরও আদৌও তাহার বিরুদ্ধে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয় নাই।

সেমতে মহোদয় সমীপে আকুল আবেদন এই যে, উপরোক্ত বিষয়ে সু-বিবেচনা পূর্বক শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলাধীন সূর্য্যনগর গাগলাজানি দাখিল মাদ্রাসার অবৈধ ভারপ্রাপ্ত সুপার আনছার আলী কর্তৃক অবৈধ ভাবে জাল জালিয়াতির মাধ্যমে ভোটার তালিকা সৃজন করিয়া অতি গোপনে বর্ণিত মাদরাসার কমিটি গঠন করার কাজে লিপ্ত থাকায় এবং বিভিন্ন অর্থ আত্মসাত করায় বর্ণিত প্রতিষ্ঠানের কমিটি সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত করতঃ সরে জমিনে তদন্ত পূর্বক তাহার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে মহোদয়ের নেক মর্জি হয়।

বিনীত নিবেদক
অভিভাবক ও এলাকাবাসীর পক্ষে

তারিখ ঃ ১৫/০৭/২০২৫ খ্রিঃ

১। [illegible]
২। [illegible] ০১৭১০৫০৭২৭৫ [illegible]
৩। [illegible]
৪। [illegible]
৫। [illegible]
৬। [illegible]
৭। [illegible]

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলো ঃ-
১। মাননীয় সচিব মহোদয়, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহা-পরিচালক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৪। জেলা প্রশাসক, শেরপুর।
৫। উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ী, শেরপুর।
৬। জেলা শিক্ষা অফিসার, শেরপুর।
৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নালিতাবাড়ী, শেরপুর।
৮। সভাপতি/সম্পাদক, শেরপুর প্রেসক্লাব/নালিতাবাড়ী প্রেসক্লাব।
৯। ব্যক্তিগত কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
নালিতাবাড়ী, শেরপুর।

স্মারক নং- উমাশিকা/নালিতা/শের/এসএমসি/২০২৫/৮৬ তারিখ: ১৫/০৭/২০২৫ খ্রিঃ

বিষয়ঃ সূর্যনগর গাগলাজানি দাখিল মাদরাসা নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে নির্বাচনী তফসিল ঘোষণা।

সূত্রঃ ০৫.৪৫.৮৯৭০.০০১.০১.০২৩.২২-৪৫৮ তারিখ: ১৫/০৭/২০২৫ খ্রিঃ

উপযুক্ত বিষয় ও সূত্রের আলোকে সূর্যনগর গাগলাজানি দাখিল মাদরাসার নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে নির্বাচনী তফসিলটি সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নিম্নরূপ ভাবে ঘোষণা করা হলো।

**নির্বাচনী তফসিল-২০২৫**

| ক্র: নং: | কর্মসূচী | স্থান | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ০১ | মনোয়নপত্র সংগ্রহ ও জমাদান | প্রিজাইডিং অফিসারের কার্যালয় | ২০/০৭/২০২৫ থেকে ২২/০৭/২০২৫ পর্যন্ত। | সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত |
| ০২ | মনোয়নপত্র বাছাই | প্রিজাইডিং অফিসারের কার্যালয় | ২৩/০৭/২০২৫ খ্রিঃ | সকাল ১১ ঘটিকা (উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস) |
| ০৩ | মনোয়নপত্র প্রত্যাহার | প্রিজাইডিং অফিসারের নিকট | ২৪/০৭/২০২৫ খ্রিঃ | সকাল ১০.০০ঘটিকা হতে বেলা ১২.০০ পর্যন্ত। (উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস) |
| ০৪ | চূড়ান্ত তালিকা প্রকাশ | প্রিজাইডিং অফিসারের কার্যালয় | ২৪/০৭/২০২৫ খ্রিঃ | বিকাল ৪.৩০ টায় |
| ০৫ | নির্বাচনের তারিখ | সূর্যনগর গাগলাজানি দাখিল মাদরাসা | ০৪/০৮/২০২৫ খ্রিঃ | সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত বিরতিহীন ভাবে। |

সূর্যনগর গাগলাজানি দাখিল মাদরাসার এডহক কমিটি সিদ্ধান্ত মোতাবেক সকল ক্যাটাগরীর মনোয়নপত্র সমূহ প্রিজাইডিং অফিসারের নিকট হতে(অফেরতযোগ্য)নগদ ১০০০/-(এক হাজার) টাকায় ক্রয় করে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। উল্লেখ্য যে, প্রত্যাহারকারী প্রার্থী তার জামানতের টাকা ফেরত পা[illegible]চনী সংক্রান্ত কোন তথ্য অফিস চলাকালীন সময়ে মাদরাসার সুপার (ভার:) নিকট হতে জানা যাবে।

(মোঃ জাহাঙ্গীর কবীর)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
প্রিজাইডিং অফিসার
সূর্যনগর গাগলাজানি দাখিল মাদরাসা
নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন-২০২৫

স্মারক নং- উমাশিকা/নালিতা/শের/এসএমসি/২০২৫/৮৬ তারিখ:১৫/০৭/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরন করা হলঃ

১। চেয়ারম্যান, মাদ্রাসাশিক্ষা বোর্ড,ঢাকা।
২। উপ-পরিচালক, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ী, শেরপুর।
৪। জেলা শিক্ষা অফিসার,শেরপুর।
৫ সুপার ( ভারঃ),সূর্যনগর গাগলাজানি দাখিল মাদরাসা,নালিতাবাড়ী,শেরপুর।(সংযুক্ত নির্বাচনী তফশিলটি সকল শ্রেণি কক্ষে পাঠ করে শুনানোসহ বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৬। অফিস কপি।

(মোঃ জাহাঙ্গীর কবীর)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
প্রিজাইডিং অফিসার
সূর্যনগর গাগলাজানি দাখিল মাদরাসা
নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন-২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Government of the People's Republic of Bangladesh
জাতীয় পরিচয়পত্র / National ID Card






নাম
মোঃ জহুরুল ইসলাম
Name
MD. JAHURUL ISLAM
পিতা
আব্দুর রহমান
মাতা
মোছাঃ জরিনা বেগম
Date of Birth 10 Jan 1988
NID No. **822 668 2824**

ঠিকানা: গ্রাম/রাস্তা: সূর্যনগর, ডাকঘর: পাচ গাও - ২১১১, নালিতাবাড়ী, শেরপুর



Blood Group: Place of Birth: **SHERPUR** Issue Date: **14 Mar 2020**

```
I<BGD822668282<40<<<<<<<<<<<<<
8801100M3503133BGD<<<<<<<<<<<0
ISLAM<<MD<JAHURUL<<<<<<<<<<<<<
```